# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪০২) কখন এবং কীভাবে মুসাফির সালাত ও সাওম আদায় করবে?

উত্তর: মুসাফির নিজ শহর থেকে বের হওয়ার পর থেকে নিয়ে প্রত্যাবর্তন করা পর্যন্ত দু দু রাকাত সালাত আদায় করবে। আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা বলেন,

«أَوَّلَ مَا فُرِضَتِ الصَّلَاةُ رَكْعَتَيْنِ فَأُقِرَّتْ صَلَاةُ السَّفَرِ وَأُتِمَّتْ صَلَاةُ الْحَضَرِ»

“সর্বপ্রথম যে সালাত ফরয করা হয়েছিল তা হচ্ছে দু’রাকাত। সফরের সালাতকে ঐভাবেই রাখা হয়েছে এবং গৃহে অবস্থানের সময় সালাতকে পূর্ণ (চার রাকাত) করা হয়েছে।” অন্য বর্ণনায় বলা হয়েছে, “গৃহে অবস্থানের সময় সালাত বৃদ্ধি করা হয়েছে।”[1] আনাস ইবন মালেক রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে মদীনা থেকে মক্কার উদ্দেশ্যে যাত্রা করলাম। তিনি মদীনা ফিরে আসা পর্যন্ত দু’ দু রাকাত করে সালাত আদায় করলেন।

কিন্তু মুসাফির যদি স্থানীয় ইমামের সাথে সালাত আদায় করে তবে পূর্ণ চার রাকাতই পড়বে। চাই সালাতের প্রথম থেকে ইমামের সাথে থাকুক বা পরে এসে অংশ গ্রহণ করুক। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাধারণ বাণী একথার দলীল।

«إِذَا سَمِعْتُمُ الْإِقَامَةَ فَامْشُوا إِلَى الصَّلَاةِ وَعَلَيْكُمْ بِالسَّكِينَةِ وَالْوَقَارِ وَلَا تُسْرِعُوا فَمَا أَدْرَكْتُمْ فَصَلُّوا وَمَا فَاتَكُمْ فَأَتِمُّوا»

“যখন সালাতের ইকামত প্রদান করা হয় তখন হেঁটে হেঁটে ধীর-স্থীর এবং প্রশান্তির সাথে সালাতের দিকে আগমণ করবে। তাড়াহুড়া করবে না। অতঃপর সালাতের যতটুকু অংশ পাবে আদায় করবে। আর যা ছুটে যাবে তা পরে পূর্ণ করে নিবে।”[2]

এ হাদীসটি স্থানীয় ইমামের পিছনে সালাত আদায়কারী মুসাফিরদেরও শামিল করে। ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুকে প্রশ্ন করা হয়েছিল, এটা কি কথা মুসাফির একাকী সালাত পড়লে দু’রাকাত পড়বে আর স্থানীয় ইমামের পিছনে পড়লে চার রাকাত পড়বে? তিনি বললেন, এটা সুন্নাত।

মুসাফিরের জন্য জামা‘আতের সালাত রহিত নয়। কেননা আল্লাহ বলেন,

﴿وَإِذَا كُنتَ فِيهِمۡ فَأَقَمۡتَ لَهُمُ ٱلصَّلَوٰةَ فَلۡتَقُمۡ طَآئِفَةٞ مِّنۡهُم مَّعَكَ وَلۡيَأۡخُذُوٓاْ أَسۡلِحَتَهُمۡۖ فَإِذَا سَجَدُواْ فَلۡيَكُونُواْ مِن وَرَآئِكُمۡ وَلۡتَأۡتِ طَآئِفَةٌ أُخۡرَىٰ لَمۡ يُصَلُّواْ فَلۡيُصَلُّواْ مَعَكَ﴾ [النساء: ١٠٢]

“আর যখন আপনি তাদের সাথে থাকেন আর তাদেরকে জামা‘আতের সাথে সালাত পড়ান, তবে তা এইভাবে হবে যে, তাদের মধ্যে থেকে একদল আপনার সাথে সালাতে দাঁড়াবে এবং নিজেদের অস্ত্র-শস্ত্র সাথে রাখবে। অনন্তর যখন তারা সাজদাহ করবে (এক রাকাত পূর্ণ করবে), তখন তারা আপনাদের পিছনে চলে যাবে এবং অন্য

দল যারা এখনও সালাত পড়ে নি তারা আসবে এবং আপনার সাথে সালাত পড়ে নিবে।” [সূরা আন-নিসা, আয়াত: ১০২]

অতএব, মুসাফির যদি নিজ শহর ছেড়ে অন্য শহরে অবস্থান করে, তবে আযান শুনলেই মসজিদে জামা‘আতের সালাতে উপস্থিত হবে। তবে যদি মসজিদ থেকে বেশি দূরে থাকে বা সফর সঙ্গীদের ক্ষতির আশংকা করে তবে মসজিদে না গেলেও চলবে। কেননা সাধারণ দলীলসমূহ একথাই প্রমাণ করে যে, আযান বা এক্বামত শুনলেই জামা‘আতে উপস্থিত হওয়া ওয়াজিব।

নফল বা সুন্নাত সালাতের ক্ষেত্রে মুসাফির যোহর, মাগরিব ও এশার সুন্নাত ছাড়া সবধরণের নফল ও সুন্নাত আদায় করবে। রাতের নফল (তাহাজ্জুদ), বিতর, ফজরের সুন্নাত, চাশত, তাহিয়্যাতুল অযু, তাহিয়্যাতুল মসজিদ, সফর থেকে ফেরত এসে দু’রাকাত সালাত আদায় করবে।

দু’সালাত একত্রিত করার বিধান হচ্ছেঃ সফর যদি চলমান থাকে তবে উত্তম হচ্ছে দু’সালাতকে একত্রিত করা। যোহর ও আছর এবং মাগরিব ও এশা একত্রিত আদায় করবে। প্রথম সালাতের সময়ই দু’সালাত একত্রিত আদায় করবে অথবা দ্বিতীয় সালাতের সময় দু’সালাতকে একত্রিত করবে। যেভাবে তার জন্য সুবিধা হয় সেভাবে করবে।

কিন্তু সফরে গিয়ে কোনো জায়গায় যদি অবস্থান করে তবে উত্তম হচ্ছে দু’সালাতকে একত্রিত না করা। একত্রিত করলেও কোনো অসুবিধা নেই। কেননা উভয়টিই রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রমাণিত আছে। সিয়ামের ক্ষেত্রে মুসাফিরের জন্য উত্তম হচ্ছে সিয়াম পালন করা। সিয়াম ভঙ্গ করলেও কোনো অসুবিধা নেই। পরে উক্ত দিনগুলোর কাযা আদায় করে নিবে। তবে সিয়াম ভঙ্গ করা যদি বেশি আরামদায়ক হয় তাহলে সিয়াম ভঙ্গ করাই উত্তম। কেননা আল্লাহ বান্দাকে যে ছুটি দিয়েছেন তা গ্রহণ করা তিনি পসন্দ করেন। সমস্ত প্রশংসা আল্লাহ রাব্বুল আলামীনের জন্য।

>

## ফুটনোট

[1] সহীহ বুখারী, অধ্যায়: সালাত কছর করা, অনুচ্ছেদ: নিজ এলাকা থেকে বের হলে সালাত কছর করা; সহীহ মুসলিম, অধ্যায়: মুসাফিরের সালাত এবং কছর করা, অনুচ্ছেদ: মুসাফিরের সালাত এবং কছর করা।

[2] সহীহ বুখারী, অধ্যায়: আযান, অনুচ্ছেদ: সালাতে দ্রুত যাবে না; সহীহ মুসলিম, অধ্যায়: মসজিদ ও সালাতের স্থান, অনুচ্ছেদ: ধীরস্থীরভাবে মসজিদে আগমণ করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1076

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন